

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত  
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আশ্বিন ১৪০৯/৩রা অক্টোবর ২০০২

এস, আর, ও নং ২৭৫-আইন/২০০২।—Bangladesh (Freedom fighters) Welfare Trust Order, 1972 (President's Order No. 94 of 1972) Article 9 (1) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত Order এর Article 17 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল যথাঃ—

১। প্রবিধানমালার নাম।—এই প্রবিধানমালা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ট্রাস্টিজ এর ক্ষমতা, দায়িত্ব ও কার্যাবলী) প্রবিধানমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) "আইন" অর্থ Bangladesh (Freedom fighters) Welfare Trust Order, 1972 (President's Order No 94 of 1972) ;
- (খ) "নির্বাহী কমিটি" অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত নির্বাহী কমিটি ;
- (গ) "বোর্ড অব ট্রাস্টিজ" অর্থ আইনের Article 7 এর অধীন গঠিত Board of Trustees ;
- (ঘ) "ব্যবস্থাপনা কমিটি" অর্থ আইনের Article 7A এর অধীন গঠিত Management Committee ;
- (ঙ) "ব্যবস্থাপনা পরিচালক" অর্থ আইনের Article 2(k) তে সংজ্ঞায়িত মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের Managing Director ;
- (চ) "মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট" অর্থ আইনের Article 3 দ্বারা গঠিত Bangladesh (Freedom fighters) Welfare Trust ;
- (ছ) "সভাপতি" অর্থ প্রবিধান ১১। অধীন গঠিত নির্বাহী কমিটির সভাপতি।

(৬০৭৭)

মূল্যঃ টাকা ২.০০



৩। নির্বাহী কমিটি।—মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কার্যাবলী সম্পাদনের জন্য ইহার বোর্ড অব ট্রাস্টিজের নিম্নবর্ণিত ট্রাস্টিদের সমন্বয়ে একটি নির্বাহী কমিটি থাকিবে যথাঃ—

- (ক) বোর্ড অব ট্রাস্টিজের ভাইস-চেয়ারম্যান, যিনি ইহার সভাপতিও হইবেন ;
- (খ) বোর্ড অব ট্রাস্টিজের ট্রাস্টি হিসাবে মনোনীত সংশ্লিষ্ট চারজন সংসদ সদস্য ;
- (গ) সচিব, অর্থ বিভাগ ;
- (ঘ) সচিব, শিল্প মন্ত্রণালয় ;
- (ঙ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ;
- (চ) ব্যবস্থাপনা পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন ।

৪। নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলী।— নির্বাহী কমিটি মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজের পক্ষে নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কার্যাবলী সম্পাদনের জন্য আইন এবং তদধীন প্রণীত বিধি দ্বারা বোর্ড অব ট্রাস্টিজের উপর অর্পিত সকল দায়িত্ব ও কার্যাবলী; এবং
- (খ) ব্যবস্থাপনা কমিটির কার্যাবলী তদারকি ।

৫। নির্বাহী কমিটির ক্ষমতাঃ— (১) নির্বাহী কমিটিকে মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কোন স্থাবর সম্পত্তি বিক্রয় বা হস্তান্তর, কোন প্রতিষ্ঠান দীর্ঘ মেয়াদী ইজারা প্রদান কিংবা কোন বিষয়ে গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টিজের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে ।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে, নির্বাহী কমিটি মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজের পক্ষে নিম্নরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে, যথাঃ—

- (ক) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও তদাধীন সকল চালু শিল্প প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও সম্প্রসারণ সংক্রান্ত সিদ্ধান্ত ও বন্ধ শিল্প প্রতিষ্ঠানসমূহ পুনরায় চালুকরণ অথবা উন্নয়নের মাধ্যমে বিকল্প ব্যবহার সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ; এবং
- (খ) সময় সময় বোর্ড বা বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী দায়িত্ব পালন ।

৬। নির্বাহী কমিটির সভা।—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, নির্বাহী কমিটি ইহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে ।

(২) নির্বাহী কমিটির সকল সভা ইহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবেঃ তবে শর্ত থাকে যে, প্রতি দুই মাসে নির্বাহী কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইতে হইবে ।

(৩) সভাপতি নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত ট্রাস্টিগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোন ট্রাস্টি সভায় সভাপতিত্ব করিবেন ।

(৪) নির্বাহী কমিটির ট্রাস্টিদের দুই-তৃতীয়াংশের উপস্থিতিতে ইহার সভার কোরাম হইবে ।

(৫) সভায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নির্বাহী কমিটির প্রত্যেক ট্রাস্টির একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে ।



৭। বোর্ড অব ট্রাস্টিজের সভায় প্রতিবেদন পেশ।—নির্বাহী কমিটিকে ইহার গৃহীত সিদ্ধান্ত এবং সম্পাদিত কার্যাবলীর বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুত করিয়া অবগতির জন্য যথাসময়ে বোর্ড অব ট্রাস্টিজের সভায় পেশ করিতে হইবে।

বোর্ড অব ট্রাস্টিজের আদেশক্রমে,

মোঃ নওফেল মিয়া

ব্যবস্থাপনা পরিচালক

ও

ট্রাস্টি (গদাধিকারবলে)।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন হুসেইনী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।